

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৯
বিশ্রামগঞ্জ, ১২ জুন, ২০২৪

**শিশু পাচার প্রতিরোধ
সিপাহীজলা জেলায় কর্মশালা**

শিশু পাচার প্রতিরোধে আজ সিপাহীজলা জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশন এবং ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের যৌথ উদ্যোগে এই কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা। উপস্থিত ছিলেন জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশনের রিসোর্সপার্সন সোনাক্ষী রাধিকা ও অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার। কর্মশালায় সভাপতিত্ব করে ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা বলেন, শিশু পাচার প্রতিরোধে জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশন ও ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশন যৌথভাবে কাজ করছে। কর্মশালায় শিশু অধিকার সুরক্ষা ও পকসো আইন নিয়ে আলোচনা করেন ত্রিপুরা আইন কলেজের সহকারি অধ্যাপক স্বপন দেববর্মা।
